

প্রথম আলো

হৃদরোগীদের জন্য অ্যাপ

২৬ জুলাই ২০১৭, ০০:০৮

আপডেট: ২৬ জুলাই ২০১৭, ০০:০৮



ই-হাট

অ্যাপের উন্মোচন অনুষ্ঠানে কয়েকজন রোগীর সঙ্গে হৃদরোগীরা কখন কী ওষুধ খাবেন, কবে কোন চিকিৎসকের কাছে যাবেন আর কোন চিকিৎসককে কোন ব্যবস্থাপত্র দেখাবেন—রোগীকে এ সম্পর্কে সংকেত দেবে ‘ই-হাট’ নামের একটি স্মার্টফোন অ্যাপ। এই অ্যাপ ব্যবহার করে আরও নানা সুবিধা পাবেন হৃদরোগে আক্রান্ত ব্যক্তিরা।

গতকাল মঙ্গলবার রাজধানীর ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে অ্যাপটি প্রকাশ করা হয়। ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের (এনএইচএফ) রোগীদের জন্য এনএইচএফ এবং তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) বিভাগের সহায়তায় বাংলাদেশ ইউনিভার্সিটির আরবান ল্যাব এই অ্যাপ তৈরি করেছে।

অনুষ্ঠানে ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বলেন, এ অ্যাপ ব্যবহার করে নিয়মিত চিকিৎসায় ও ওষুধ সেবন করায় রোগীর সময় সাশ্রয় হবে। রোগীরা হয়রানির হাত থেকে মুক্তি পাবেন এবং চিকিৎসকের সঙ্গে আরও ভালোভাবে যোগাযোগ করা যাবে।

আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ অনুষ্ঠানে বলেন, ই-হাট অ্যাপ ডিজিটাল স্বাস্থ্যসেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এনএইচএফের প্রেসিডেন্ট জাতীয় অধ্যাপক আবদুল মালিকের সভাপতিত্বে যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়ার জীবপ্রকৌশল বিভাগের অধ্যাপক সৈয়দ হোসাইনী, বাংলাদেশ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টি চেয়ারম্যান কাজী জামিল আজহার অনুষ্ঠানে বক্তৃতা করেন।

এতে জানানো হয়, এ অ্যাপে রোগীর প্রোফাইল, রিস্ক স্কোর, অ্যাপয়েন্টমেন্ট, ব্যবস্থাপত্র, বিশ্রামের ফলাফল, রিস্ক ট্রেন্ড, ফলোআপ, হার্ট রেইট সুবিধা রয়েছে। হার্ট ফাউন্ডেশনের রোগীরা অ্যাপটি নামিয়ে নিবন্ধন করে এটি ব্যবহারের সুযোগ পাবেন। নিজস্ব প্রতিবেদক

